যুগান্তর

23 JUL 2017

# এইচএসসি পরীক্ষার ফল আজ

যুগান্তর রিপোর্ট

এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল আজ প্রকাশ হবে। সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের সারসংক্ষেপ তুলে দেবেন শিক্ষামন্ত্রী। এ সময় বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানসহ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত থাকবেন। পরে বেলা দেড়টায় সংবাদ সম্মেলনে ফল প্রকাশের আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হবে। এরপর শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠান, অনলাইন ও এসএমএসে ফল জানতে পারবে।

নজিরবিহীন সতর্কতার মধ্য দিয়ে ১ এপ্রিল এইচএসসি পরীক্ষা শুরু হয়েছিল। এবার ১০ শিক্ষা বোর্ডের অধীনে ১১ লাখ ৮৩ হাজার ৬৮৬ জন পরীক্ষার্থী অংশ নেয়। তাদের লিখিত পরীক্ষা শেষ হয় ১৫ মে। ব্যবহারিকসহ পরীক্ষা শেষ হয় ২৫ মে।

আটটি সাধারণ বোর্ডের অধীনে এইচএসসি, মাদরাসা বোর্ডের আলিম ও কারিগরি শিক্ষা বোর্ডের ফল www.educationboardresults.gov.bd শীর্ষক ওয়েবসাইটে পাওয়া যাবে। যেহেতু বোর্ড থেকে কাগজে ছাপানো কোনো ফল সরবরাহ করা হবে না, তাই শিক্ষা প্রতিষ্ঠানগুলো এ ওয়েবসাইট থেকে ফল ডাউনলোডও করতে পারবে। বিশেষ প্রয়োজনে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় থেকেও ফল নিতে পারবে প্রতিষ্ঠানগুলো। ব্যক্তি পর্যায়ে যে

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৭

## এইচএসসি পরীক্ষার

(শেষ পৃষ্ঠার পর)

কোনো মোবাইল থেকে এসএমএস করেও ফল জানা যাবে। এইচএসসির ফল পেতে HSC লিখে স্পেস দিয়ে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৭ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল পাওয়া যাবে। (উদাহরণ : HSC DHA 123456 2017)। দাখিলের ফল জানতে DAKHIL লিখে MAD লিখতে হবে। আর কারিগরির ক্ষেত্রে HSC লিখে TEC লিখতে হবে। এরপর স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৭ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।